**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পানি সম্পদ মন্ত্রণালয়**
**বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর**
**প্রশাসন শাখা**
**৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫**
www.dbhwd.gov.bd

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০১.১১.০০৩.২০২৪-০৬

তারিখ: ০১ জানুয়ারি ২০২৫ / ১৭ পৌষ ১৪৩১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের নিয়োগবিধি ও সরকারের প্রচলিত সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এবং এর আওতাধীন আঞ্চলিক অফিসসমূহের জন্য রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে http://dbhwd.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | ড্রাফটসম্যান<br>গ্রেড-১৩<br>স্কেল-১১০০০-২৬৫৯০ | ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বা অন্য কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে পুরকৌশল বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২. | ডাটা কালেক্টর<br>গ্রেড-১৪<br>স্কেল-১০২০০-২৪৬৮০ | ০২ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ৩. | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪<br>স্কেল-১০২০০-২৪৬৮০ | ০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত। |
| ৪. | সার্ভেয়ার<br>গ্রেড-১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০ | ০৩ | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বা অন্য কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে সার্ভেয়িং বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৫. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০ | ০৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | ব্যক্তিগত সহকারী<br>গ্রেড-১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ৭. | হিসাব সহকারী<br>গ্রেড-১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০ | ০২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত। |
| ৮. | স্টোর কিপার<br>গ্রেড-১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

খ. ০১ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছর হতে হবে। ০৫নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। সকল চাকরিরত প্রার্থিকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদন পত্রের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি ও সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে।

চ. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

ছ. ডাটা কালেক্টর, ব্যক্তিগত সহকারী, স্টোর কিপার ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক

পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। অন্যান্য পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সরাসরি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

জ. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে। নাগরিকত্বের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন/পৌরসভার প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

ঝ. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঞ. আবেদনকারী নিয়োগ লাভের পর অধিদপ্তরের প্রধান কার্যালয় ও এর আওতাধীন আঞ্চলিক অফিসসমূহের যেকোন অফিসে চাকরি করতে বাধ্য থাকবেন।

ট. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

**ক.** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://dbhwd.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭ জানুয়ারি ২০২৫ খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি., বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**খ. ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্ত :**

✓ ছবি **(Photo)** আপলোড: online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) ৩০০×৩০০ pixel এর কম বা বেশি নয় (File Size 100KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না।

✓ স্বাক্ষর **(Signature)** আপলোড: online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) ৩০০× ৮০ pixel এর কম বা বেশি নয় (File Size 60KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। Home Page-এর (Photo & signature Validator) Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমের ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেনন করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

(i) Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy *পাবেন।* **যদি** Applicant's copy **তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত** Applicant's copy **তে তার সাম্প্রতিক তোলা রঙিন**

**ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।**

(ii) Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১- ৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী , শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬.০০ (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপান্ন) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন।

(iii) "এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

(iv) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী প্রবেশপত্র প্রাপ্তির (http://dbhwd.teletalk.com.bd ওয়েবসাইটে যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম প্রবেশপত্রে উল্লেখ থাকবে। অনলাইন আবেদনপত্রের প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়। একই প্রবেশপত্র দিয়ে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(v) **প্রথম SMS:** **DBHWD**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **DBHWD ABCDEF**
Reply: Applicant's Name, Tk-112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type **DBHWD**<space>**YES**<space>**PIN** and send to 16222 নম্বরে।

(vi) **দ্বিতীয় SMS:** **DBHWD**<space>**YES**<space>**PIN** and send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **DBHWD YES 12345678**
Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successful for DBHWD Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx) ।

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি (http://dbhwd.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **DBHWD**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **DBHWD Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **DBHWD**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.

Example: **DBHWD Help PIN 12345678**

(ঝ) পত্রিকা ছাড়াও বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের **website:** www.dbhwd.gov.bd এর নোটিশ বোর্ডে এবং QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dbhwd.teletalk.com.bd** অথবা প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এ ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **DBHWD**, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইন -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

(কামাল মোহাম্মদ রাশেদ)
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের টেলিটক পোর্টালের QR Code